



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

ফোন : ৯৫৫০৪০৩
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০২৪-২৫
৯৫৬০০৩১-৩৫
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১২১১

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০১/২০২০

তারিখ : ২১/০১/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : মৌসুম ভিত্তিক চা উৎপাদন ঋণ এর অর্থায়নের জন্য বিদ্যমান নীতিমালার আংশিক পরিবর্তন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর অপারেশন পরিপত্র নং-৭/৯৮ তারিখ ০৯/০২/১৯৯৮ এবং প্রশাসন পরিপত্র নং-১৪/২০১৯ তারিখ ২৪/১২/২০১৯ (পরিচ্ছেদ-১০) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। মৌসুম ভিত্তিক চা উৎপাদন ঋণ এর অর্থায়নের জন্য বিদ্যমান নীতিমালার আংশিক পরিবর্তন সংক্রান্ত প্রস্তাবনা বিগত ১৫/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের ৭৫৪ তম সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয়ঃ

বাংলাদেশীয় চা সংসদের আবেদন, ক্রেডিট বিভাগ, প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটি এবং ব্যাংক ব্যবস্থাপনার সুপারিশের প্রেক্ষিতে চা শিল্পের উন্নয়ন ও বিকাশে চা খাতে বিনিয়োগ/অর্থায়নকে আরও গতিশীল করার জন্য ঋণের বিদ্যমান নীতিমালা অনুযায়ী মূল্যায়নকালীন সময়ে কেবলমাত্র চলতি মৌসুমের সর্বশেষ নিলাম পর্যন্ত প্রাপ্ত গড় বিক্রয় মূল্যের ৯০% ধরে এবং বাগানের উৎপাদন ব্যয় বিশ্লেষণ অনুসারে যেটি কম হবে সে হারে অর্থায়ন করার পরিবর্তে অধিকতর যৌক্তিক অর্থাৎ ৯০% ধরে এবং প্রতি বাগানের উৎপাদন ব্যয় বিশ্লেষণ অনুসারে যেটি কম হবে সে হারে অর্থায়ন হার নির্ধারণ করার প্রস্তাব অনুমোদন করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, পর্ষদে গৃহিত উপরোক্ত সিদ্ধান্তে প্রেক্ষিতে, নিম্নোক্তভাবে মৌসুম ভিত্তিক চা উৎপাদন ঋণ অর্থায়ন হার (মূল্যায়ন পদ্ধতি) বিবেচনা করতে হবে :

উৎপাদন ব্যয় বিশ্লেষণ, মঞ্জুরি ও উৎপাদনের অন্যান্য উপাদানের ব্যয় বৃদ্ধি এবং লব্ধ মূল্যের ভিত্তিতে প্রতি বৎসর চা বাগানের উৎপাদন ঋণের অর্থায়নের মাত্রা স্থির করা হয়। সকল বাগানের জন্য অর্থায়নের মাপকাঠি অভিন্ন হলেও উৎপাদন এবং কেজি প্রতি উৎপাদন ব্যয় অনুসারে বিভিন্ন বাগানের উৎপাদন ঋণ প্রাপ্যতা কম/বেশি হবে।

মূল্যায়ন পদ্ধতি :

- উৎপাদনের ভিত্তিতে - পূর্ববর্তী তিন বছরের বার্ষিক গড় উৎপাদন এবং সর্বোচ্চ রেকর্ড উৎপাদন।
- কেজি প্রতি ব্যয় - প্রতি বাগানের উৎপাদন ব্যয় বিশ্লেষণ অনুসারে।
- কেজি প্রতি মূল্য - বিগত তিন বছরের প্রাপ্ত গড় মূল্য অনুসারে (ব্রোকার্সের বিক্রয় রিপোর্ট অনুযায়ী)।

উপরোক্ত তথ্যাদি বিবেচনা করে নিম্নরূপে বাগানের এককালীন মঞ্জুরি হইতে প্রাথমিক ছাড়যোগ্য উৎপাদন ঋণ প্রাপ্যতার সীমা নিরূপণ করা যাবেঃ

- বিগত তিন বছরের গড় বার্ষিক উৎপাদন \times কেজি প্রতি উৎপাদন খরচ।
- বিগত তিন বছরের গড় বার্ষিক উৎপাদন \times বিগত তিন বছরের প্রাপ্ত গড় বিক্রয়মূল্যের ৯০%। উপরোক্ত বিশ্লেষণে যেটি কম হবে সে হারে অর্থায়ন করা হবে।

আপনার বিশ্বস্ত

(মোঃ আজিজুল বারী)

সহাব্যবস্থাপক, (প্রশাসন)

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ এর দায়িত্বে

চলমান পাতা-০২


বিষয় : মৌসুম ডিডিক চা উৎপাদন ঋণ এর অর্থায়নের জন্য বিদ্যমান নীতিমালার আংশিক পরিবর্তন প্রসংগে।

নং : প্রকা/ক্রেবি/শাখা-২/অংশ চা-১(৫)/২০১৯-২০২০/৫৮১(১২৫০)

তারিখ : ২১/০১/২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।



(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী-মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)